গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
খাগড়াছড়ি পার্বত্য জেলা
(নেজারত শাখা)।
www.khagrachhari.gov.bd

নম্বর : ০৫.৪২.৪৬০০.০০৩.১১.০১৭.২১- ৫০৯

তারিখ : ১৬/০৬/২০২১ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৭ এপ্রিল ২০২১ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০১০.১৬-১০১ নং ছাড়পত্র মোতাবেক জেলা প্রশাসকের কার্যালয়, খাগড়াছড়ি পার্বত্য জেলা-এর নিয়ন্ত্রণাধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যলয়সমূহ এবং সার্কিট হাউজের সাধারণ প্রশাসনের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত খাগড়াছড়ি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ফরমে স্বহস্তে লিখিত দরখাস্ত আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ক্রম | পদের নাম | জাতীয় বেতনস্কেল-২০১৫ | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) |
|---|---|---|---|---|
| ১ | অফিস সহায়ক | ৮২৫০-২০০১০/-(গ্রেড-২০) | ০৬ (ছয়) টি | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |
| ২ | বেয়ারার | ৮২৫০-২০০১০/-(গ্রেড-২০) | ০২ (দুই) টি | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |
| ৩ | সহকারী বাবুর্চি | ৮২৫০-২০০১০/-(গ্রেড-২০) | ০১ (এক) টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>খ) রান্নার কাজে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা। |
| ৪ | মালি | ৮২৫০-২০০১০/-(গ্রেড-২০) | ০১ (এক) টি | কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |
| ৫ | পরিচ্ছন্নতাকর্মী | ৮২৫০-২০০১০/-(গ্রেড-২০) | ০১ (এক) টি | কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |

### শর্তাবলী

০১. প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও খাগড়াছড়ি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দ হতে হবে।

০২. নির্ধারিত আবেদন ফরমটি www.khagrachhari.gov.bd ওয়েবসাইটের প্রথম পাতায় 'নোটিশ বোর্ড' সেকশনে এবং এ কার্যালয়ের নেজারত শাখায় পাওয়া যাবে। আবেদন ফরম স্বহস্তে পূরণ করতে হবে।

০৩. আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।

(ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মূল/সাময়িক সনদপত্রের অনুলিপি ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত।

(খ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি রঙিন ছবি (যা আবেদন ফরমে নির্ধারিত স্থানে লাগাতে হবে)।

(গ)পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদপত্রের সত্যায়িত কপি।

(ঘ) জেলা প্রশাসক/সার্কেল চিফ কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দা সনদপত্রের সত্যায়িত কপি।

(ঙ) জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি।

(চ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি (যদি থাকে)। প্রার্থীর জাতীয় পরিচয়পত্র না থাকলে সেক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে দাখিল করতে হবে।

(ছ) ১ম শ্রেণির সরকারি গেজেটেড কর্মকর্তা (নামসীলযুক্ত) প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(জ) অন্যান্য অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে) এর সত্যায়িত কপি।

০৪. প্রার্থীর বয়স ০১/০৬/২০২১ খ্রি. তারিখে অবশ্যই ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর পর্যন্ত সিথিল যোগ্য। বয়সের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৫. প্রার্থী শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা হলে অথবা মুক্তিযোদ্ধা কোটায় আবেদিত প্রার্থীদের অন্যান্য সাধারণ তথ্যের সাথে নিম্নবর্ণিত ছকে তথ্য সন্নিবেশ করে সনদের সত্যায়িত কপিসহ আবেদন ফরমের সাথে দাখিল করতে হবে:

| প্রার্থীর নাম | মুক্তিযোদ্ধার নাম | মুক্তিযোদ্ধার পিতার নাম | মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা | মুক্তিযোদ্ধার সনদ নম্বর | মুক্তিবার্তা নম্বর ও তারিখ | গেজেট নম্বর ও তারিখ | মুক্তিযোদ্ধার জন্ম তারিখ | মুক্তিযোদ্ধাদের বয়স প্রমাণের জন্য জাতীয় পরিচয়পত্র, এসএসসি সনদ অথবা এসএসসি সনদ না থাকলে স্থানীয় চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত বয়স প্রমাণের সার্টিফিকেট আছে কি না? | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সাথে আবেদনকারীর সম্পর্ক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| | | | | | | | | | | |

০৬. ট্রেজারি চালানের মাধ্যমে পরীক্ষার ফি বাবদ কোড নং-১-০৭৪২-০০০০-২০৩১ (পরীক্ষা ফি)-তে ৫০(পঞ্চাশ) টাকা (অফেরৎযোগ্য) জমা প্রদান করে চালনের মূল কপি এবং প্রার্থীর যোগাযোগের ঠিকানা সম্বলিত ১০/-(দশ) টাকার ডাকটিকেট লাগনো ১০" × ৪.৫" সাইজের একটি ফেরত খাম জমা দিতে হবে।

০৭. আবেদনপত্র জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলাকে সম্বোধন করে আগামী ২০/০৭/২০২১ খ্রি. তারিখের মধ্যে ডাকযোগে অথবা সরাসরি এ অফিসে পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখের পর কোনো আবেদন গ্রহণ করা হবে না।

০৮. চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এক্ষেত্রে অগ্রিম কপি গ্রহণ করা হবে না। চাকরিরত প্রার্থীদের বয়স শিথিলযোগ্য নয়।

০৯. প্রথম শ্রেণির সরকারি কর্মকর্তা কর্তৃক সকল সনদ/কাগজপত্র সত্যায়িত হতে হবে এবং সংশ্লিষ্ট কর্মকর্তার নাম সম্বলিত সীল অবশ্যই থাকতে হবে।

১০. প্রার্থীকে খামের উপর অবশ্যই প্রার্থীত পদের নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

১১. কোটা সম্পর্কিত সরকারি সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে। কোটার ক্ষেত্রে প্রার্থীকে তার সংশ্লিষ্ট কোটা খামের উপর লেখতে হবে। ( শারীরীক প্রতিবন্ধী/এতিম/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র সংযুক্ত করতে হবে)।

১২. কর্তৃপক্ষ সরকারি বিধি-বিধানের সঙ্গে সাংঘর্ষিক নয় এমন কোনো শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবে এবং কর্তৃপক্ষ কোন কারণ দর্শনো ব্যতিরেকেই নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

১৩. একজন প্রার্থী শুধুমাত্র একটি পদের জন্য আবেদন করতে পারবে। একাধিক পদে আবেদন করলে আবেদন আপনা-আপনি বাতিল বলে গণ্য হবে।

১৪. নিয়োগের ক্ষেত্রে সকল বিধি-বিধান ও কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে।

১৫. নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোনো প্রকার ভ্রমণ/দৈনিক ভাতা দেয়া হবে না।

১৬. সাক্ষাৎকারের সময় আবেদনপত্রে উল্লিখিত সকল সনদের মূলকপি সঙ্গে আনতে হবে।

১৭. আবেদনপত্রে বর্ণিত যেকোনো তথ্য যেকোনো পর্যায়ে ভূয়া ও মিথ্যা প্রমাণিত হলে দরখাস্ত/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৮. আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৯. কর্তৃপক্ষ অনিবার্য কারণে এ নিয়োগ কার্যক্রম স্থগিত, পদ সংখ্যা কম বা বেশি, সময় পরিবর্তন বা বাতিল এবং বিজ্ঞপ্তিতে উল্লেখিত শর্তাবলী সংশোধন বা পরিবর্তনের ক্ষমতা সংরক্ষণ করেন। এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত অন্যান্য শর্তাবলী অক্ষুণ্ন থাকবে।

১৬/৬/২১
( প্রতাপ চন্দ্র বিশ্বাস )
জেলা প্রশাসক
খাগড়াছড়ি পার্বত্য জেলা।
ফোন : ০৩৭১-৬১৮১১ ফ্যাক্স নং ০৩৭১-৬১৬৭৪
e-mail: dckhagrachari@mopa.gov.bd

নম্বর : ০৫.৪২.৪৬০০.০০৩.১১.০১৭.২১- ৫০৯ (৯৮)

তারিখ : ১৬/০৬/২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

০১। সিনিয়র **সচিব**, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[ দৃষ্টি আকর্ষণ: সিনিয়র সহকারী সচিব, উদ্বৃত্ত কর্মচারী শাখা। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৭ এপ্রিল ২০২১ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০১০.১৬-১০১ নং স্মারকের আলোকে]

০২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

০৪। জেলা প্রশাসক.............................................(সকল)।

০৫। মূখ্য নির্বাহী কর্মকর্তা, পাবর্ত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।

০৬। পুলিশ সুপার, খাগড়াছড়ি পাবর্ত্য জেলা।

০৭। সিভিল সার্জন, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৮। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খাগড়াছড়ি পার্বত্য জেলা।।
০৯। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১০। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, এ অফিস, খাগড়াছড়ি পার্বত্য ।
১১। উপজেলা নির্বাহী অফিসার............................................(সকল), খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১২। মেয়র..........................................পৌরসভা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৩। সহকারী কমিশনার (ভূমি),.........................................(সকল), খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৪। জেলা তথ্য অফিসার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৫। সহকারী কমিশনার ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি শাখা(ওয়েব সাইটের মাধ্যমে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধসহ), এ অফিস।
১৬। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৭। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক সমকাল, ঢাকা/দৈনিক অরণ্যবার্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা। উক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি আগামী ২০/০৬/২০২১ খ্রি. তারিখের মধ্যে তাঁর পত্রিকায় ভিতরের পাতায় স্বল্পপরিসরে (১২´´×৩´ কলামে) একদিন প্রকাশ করে পত্রিকার ০৫(পাঁচ) কপি এ অফিসে নেজারত শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৮। নোটিশ বোর্ড, জেলা প্রশাসকের কার্যালয়, খাগড়াছড়ি পার্বত্য জেলা (সর্বসাধারণের অবগতির জন্য)।

১৬/৬/২১
জেলা প্রশাসক
খাগড়াছড়ি পার্বত্য জেলা।